# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

**নারায়ণগঞ্জ শাখা।**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, (১) জনাব মোঃ রমজান আলী, স্বত্বাধিকারী: মেসার্স রাফা ট্রেডার্স; পিতাঃ আব্দুল হক; বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হোল্ডিং- ৩২৩, মোবারক শাহ রোড, অতিরিক্ত গ্রাম/রোডঃ ২২৮/এ, মোবারক শাহ রোড, ওয়ার্ড নং-১৬, ১ নং বাবুরাইল, নারায়ণগঞ্জ-১৪০০, (২) জনাব মোঃ মাসুম; মর্গেজ দাতা পিতাঃ আলহাজ্ব আব্দুল হক, ঠিকানাঃ বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হোল্ডিং- ৩২৩, মোবারক শাহ রোড, অতিরিক্ত গ্রাম/রোডঃ ২২৮/এ, মোবারক শাহ রোড, ওয়ার্ড নং-১৬, ১ নং বাবুরাইল, নারায়ণগঞ্জ-১৪০০। হিসাবের নামঃ মেসার্স রাফা ট্রেডার্স, ব্যবসায়িক ঠিকানা- ৩৫ আর কে মিত্র রোড, নারায়ণগঞ্জ। কর্তৃক ইউসিবি, নারায়ণগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০৭.২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৪,৫৮,২৬,৮৬৫.৮৬ টাকা (চার কোটি আটান্ন লক্ষ ছাব্বিশ হাজার আটশত পয়ষট্রি টাকা ছিয়াশি পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল-১

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা পৌরসভা ও সাব রেজিষ্ট্রি অফিস- নারায়ণগঞ্জ, মৌজা- নারায়ণগঞ্জ "ম" খন্ড, জে. এল নং- সি.এস- ১৮৮, এস.এ- ৬৭ আর.এস-০৬, খতিয়ান নং- সি.এস- ৩৬৪, এস.এ-৪৫৫, আর.এস-১১০, দাগ নং- সি.এস-১৭২, এস.এ- ১৩১৩, আর.এস-২০৬৬, মিউটেশন খতিয়ান নং-২৬৬১, জোত নং-২৬৬০ মোট জায়গা-০.৯০৭৫ শতাংশ যাহার চৌহদ্দী- উত্তরে- আর কে মিত্র রোড, দক্ষিণে- এ কে খানের জায়গা, পূর্বে- ইদ্রিস মিয়া'র জায়গা, পশ্চিমে- শাহেদ মোল্লা'র জায়গা।

### বন্ধকী সম্পত্তির তফসিল-২

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা পৌরসভা ও সাব রেজিষ্ট্রি অফিস- ফতুল্লা, মৌজা-গোয়ালবন্দ, জে. এল নং- সি.এস-১৮২, এস.এ- ৪৯, আর.এস-৩৮, খতিয়ান নং- সি.এস- ১৩৭, এস.এ-১৬৫, আর.এস-২০৪, দাগ নং- সি.এস ও এস.এ-৩১৫, আর.এস-২১৫, মিউটেশন খতিয়ান নং-১৭২২, জোত নং-১৭২১ মোট জায়গা-১৪.৬০ শতাংশ যাহার চৌহদ্দী- উত্তরে- আসলাম ও অন্যদের জায়গা, দক্ষিণে- রাস্তা, পূর্বে-ইউসুফ ও অন্যদের জায়গা, পশ্চিমে-আবুল হোসেন ও শহীদুল ইসলামের এর জায়গা।

### নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ০৯/১০/২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি পিএলসি, নারায়নগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, নারায়নগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউসিবি, নারায়নগঞ্জ শাখা।**